দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

87

তারিখ 10 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 8

# ইংরেজী ভাষা শিক্ষা মাতৃভাষার বিকাশে সহায়ক হবে

## —ভাইস প্রেসিডেন্ট

ভাইস প্রেসিডেন্ট বিচারপতি জনাব এ কে এম নূরুল ইসলাম আধুনিক বিশ্বের বিশেষ করে বিজ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষের সাথে সঙ্গতি রেখে সঠিকভাবে ইংরেজী ভাষা শিক্ষার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। খবর বাসস'র।

তিনি গতকাল জাতীয় যাদুঘর মিলনায়তনে বাংলাদেশ ইংরেজী ভাষা শিক্ষক সমিতির উদ্যোগে আয়োজিত বাংলাদেশে ইংরেজী ভাষার গুরুত্বের উপর তিন দিনের জাতীয় সেমিনার উদ্বোধনকালে একথা বলেন।

ভাইস প্রেসিডেন্ট বলেন, ইংরেজী ভাষা শিক্ষা শুধুমাত্র আমাদের মাতৃভাষা বাংলার বিকাশে সহায়ক হবে এবং একে

শেষ পৃঃ ২-এর কঃ দেখন

## ভাইস প্রেসিডেন্ট

প্রথম পৃষ্ঠার পর

আরও সমৃদ্ধ করবে।

বিচারপতি নূরুল ইসলাম বলেন, ইংরেজী প্রধান আন্তর্জাতিক ভাষার মর্যাদা লাভ করেছে। আমাদের জাতীয় স্বার্থের কারণে এর গুরুত্বের কারণে সরকার ইংরেজীকে প্রথম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত একটি বাধ্যতামূলক ভাষা করেছে।

সেমিনারে সভাপতিত্ব করেন জাতীয় অধ্যাপক সৈয়দ আলী আহসান। উদ্বোধনী অধিবেশনে সমিতির চেয়ারম্যান ডঃ এম এন হক বক্তৃতা করেন।